শিরোনাম ডিআইজি মিজানকে জেলগেটে জিজ্ঞাসাবাদের অনুমতি ১১ জুলাই ২০১৯ ১১:০১

নতুন ধারার দৈনিক আমাদের সময়

advertisement


# শিক্ষা প্রতিষ্ঠানে অভিযোগ বাক্স স্থাপনের পরামর্শ হাইকোর্টের

নিজস্ব প্রতিবেদক

১১ জুলাই ২০১৯ ০০:০০ | আপডেট: ১১ জুলাই ২০১৯ ০০:০৭

advertisement

Valueimpression



advertisement

নির্যাতনের শিকার শিক্ষার্থীরা নির্ভয়ে যাতে যে কোনো অভিযোগ জানাতে পারে, সেজন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অভিযোগ বাক্স স্থাপনের পরামর্শ দিয়েছেন হাইকোর্ট। আদালত বলেছেন, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপর যে কোনো ধরনের নির্যাতনের অভিযোগ জানতে একটি অভিযোগ বাক্স স্থাপন করা দরকার। এই বাক্স স্থাপনের বিষয়টি শিক্ষা প্রতিষ্ঠানের বুলিং (উত্যক্ত) প্রতিরোধ নীতিমালায় অন্তর্ভুক্ত করতে হবে। রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির ছাত্রী অরিত্রি অধিকারীর আত্মহত্যার ঘটনায় হাইকোর্টের নির্দেশে গঠিত কমিটির করা 'শিক্ষা প্রতিষ্ঠানে বুলিং প্রতিরোধ

advertisement


## সর্বশেষ

হঠাৎ বিয়ের পিঁড়িতে ঈশানা

নিয়ন্ত্রণ হারিয়ে আমবোঝাই ট্রাক উল্টে খাদে, নিহত ২

গ্রেপ্তারের পর 'বন্দুকযুদ্ধে' মাদক ব্যবসায়ী নিহত

রাজশাহীর সঙ্গে রেল যোগাযোগ এখনো বিচ্ছিন্ন,

রাষ্ট্রপক্ষের আইনজীবী ডেপুটি অ্যাটর্নি জেনারেল (ডিএজি) এবিএম আব্দুল্লাহ আল মাহমুদ বাশারের উদ্দেশে আদালত বলেন, বুলিংসহ (উত্যক্ত) যে কোনো হয়রানির অভিযোগগুলো শিক্ষার্থীরা মা-বাবা, শিক্ষক বা নিকট আত্মীয়-স্বজনের কাছে বলতে সংকোচবোধ করে। সেক্ষেত্রে এ ধরনের বাক্স থাকলে তাদের জন্য অভিযোগ পেশ করতে সুবিধা হয়। আর ওই অভিযোগ বাক্সগুলো স্কুলের কোনো শিক্ষক খুলতে পারবেন না। শিক্ষকদের বিরুদ্ধে এখন নানা অভিযোগ আসছে। সেক্ষেত্রে স্কুল ম্যানেজিং কমিটির সদস্যরা ওই বাক্স খুলবেন।

আদালত আরও বলেন, বুলিং প্রতিরোধে যে কমিটি গঠন করা হবে, সেই কমিটির প্রধান যদি শিক্ষক হন এবং তার বিরুদ্ধে কোনো অভিযোগ এলে তদন্ত কীভাবে হবে? সে জন্য উপজেলা ও জেলা পর্যায়ের শিক্ষা অফিসারদের দিয়ে কোনো সুপারিভিশন কমিটি করে তা নীতিমালায় অন্তর্ভুক্ত করা যায় কিনা বা এ ধরনের কোনো কমিটি রয়েছে কিনা তা খতিয়ে দেখতে হবে। পাশাপাশি স্কুল বুলিং সংক্রান্ত নীতিমালাটি

ঘণ্টাপ্রতি গড় আয় মাত্র ৯.৬০ পাউন্ড
প্রবাসীরাও আসছেন গণনার আওতায়
ভিকারুননিসার দুই শিক্ষিকার বিরুদ্ধে চার্জগঠন
বাংলাদেশে বৈশ্বিক অভিযোজন কেন্দ্র নির্মাণের প্রস্তাব বান কি মুনের
কেঁদে ফেললেন ধোনি (ভিডিও)
সব খবর

আদালত বুলিং নিরোধ কমিটির অগ্রগতি প্রতিবেদন আগামী ২২ অক্টোবরের মধ্যে জমা দেওয়ার নির্দেশ দেন।

এর আগে বিভিন্ন জাতীয় দৈনিকে অরিত্রির আত্মহত্যা নিয়ে প্রকাশিত খবর চার আইনজীবীর পক্ষ থেকে নজরে আনার পর ২০১৮ সালের ৪ ডিসেম্বর হাইকোর্ট স্বতঃপ্রণোদিত হয়ে আদেশ দেন। আদেশে শিক্ষা প্রতিষ্ঠানে নির্যাতন প্রতিরোধে একটি নীতিমালা প্রণয়নে অতিরিক্ত শিক্ষা সচিবের নেতৃত্বে পাঁচ সদস্যের কমিটি গঠন করে দেওয়া হয়। এ ছাড়া অরিত্রির আত্মহত্যার কারণ অনুসন্ধান করেও প্রতিবেদন দিতে বলেন আদালত। অন্তবর্তীকালীন আদেশের পাশাপাশি রুল জারি করা হয়। সে অনুযায়ী খসড়া নীতিমালা তুলে ধরা হয় হাইকোর্টে।

**Sponsored Content** Recommended by

**Breakin windows assaulti**
**Avoiding security risks**
**Explore how 5G is about**

**Mauled by a bear? Viral**
France 24

**ভিক্ষা করে উপার্জন লাখ টাকা, গোপনে**

**Why does the intellect**
Libertariani

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**
১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
ফোন: ৫৫০৩০০০১-৬ ফ্যাক্স: ৫৫০৩০০১১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৪
ই-মেইল : news@dainikamadershomoy.com,
editor@dainikamadershomoy.com

নতুন ধারার দৈনিক আমাদের সময়

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯
Privacy Policy